

সমকাল

উত্তরা ইউনিভার্সিটির অষ্টম সমাবর্তন অনুষ্ঠিত

প্রকাশ: ০৪ অক্টোবর ২৩ | ১১:০৯ | আপডেট: ০৪ অক্টোবর ২৩ | ১১:০৯

অনলাইন ডেস্ক



মঙ্গলবার বিকেল ৩টায় বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে উত্তরা ইউনিভার্সিটির অষ্টম সমাবর্তন অনুষ্ঠিত হয়

রাজধানীতে উত্তরা ইউনিভার্সিটির অষ্টম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৩টায় বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এই সমাবর্তন অনুষ্ঠিত হয়।

উত্তরা ইউনিভার্সিটির অষ্টম সমাবর্তন ২০২৩-এর সভাপতি ও প্রধান অতিথি হিসেবে এদিন উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা এবং সমাবর্তনে উপস্থিত সকল অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য দেন

উত্তরা ইউনিভার্সিটির রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন।

সমাবর্তনে শিক্ষামন্ত্রী বলেন, ‘আজ এই দিনটি জ্ঞান ও দক্ষতা অর্জনের যাত্রায় একটি উল্লেখযোগ্য দিন, কারণ আজ আমরা আমাদের স্নাতকদের একাডেমিক সাফল্য উদযাপন করতে একত্রিত হয়েছি।’

তিনি বলেন, ‘আমি গ্রাজুয়েটদের অভিনন্দন জানাতে চাই যারা তাদের একাডেমিক যাত্রা জুড়ে অটুট নিষ্ঠা, অধ্যবসায় এবং বুদ্ধিবৃত্তিক কৌতূহল প্রদর্শন করে এই পর্যন্ত এসেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্যারিশম্যাটিক নেতৃত্বে আমাদের সরকার দেশের শিক্ষার মান উন্নয়নে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে।’

সমাবর্তনে আরও উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান বদরুল ইকবালসহ বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য, বুদ্ধিজীবী, রাষ্ট্রের উচ্চপদস্থ কর্মকর্তা, বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এবং সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ-উপাচার্য, সামরিক ও বেসামরিক কর্মকর্তাসহ আমন্ত্রিত অন্যান্য অতিথিরা।

বাংলাদেশের জনপ্রিয় পপ সংগীত ব্যান্ড ‘শিরোনামহীন’-এর মনোজ্ঞ সাংস্কৃতিক সংগীত পরিবেশনার মধ্য দিয়ে উত্তরা ইউনিভার্সিটির অষ্টম সমাবর্তন ২০২৩ এর সমাপ্তি হয়। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com